



ইসরাইলের আগ্রাসনে আন্তর্জাতিক মহল নীরব: পেজেশকিয়ান



ইরানের প্রেসিডেন্ট পেজেশকিয়ান। ছবি: সংগৃহীত

মধ্যপ্রাচ্যে ইসরাইলের সামরিক কর্মকাণ্ডের বিষয়ে আন্তর্জাতিক সংস্থাগুলোর ভূমিকার কঠোর সমালোচনা করেছেন ইরানের প্রেসিডেন্ট মাসুদ পেজেশকিয়ান। তিনি বলেন, ইসরাইল প্রকাশ্যে লক্ষ্যভিত্তিক হামলা ও হত্যাকাণ্ডের কথা বললেও আন্তর্জাতিক মহল কার্যকর কোনো পদক্ষেপ নিচ্ছে না।

শনিবার (৫ জুলাই) তেহরানে আয়াতুল্লাহ আলী খামেনির স্মরণে আয়োজিত 'লিডার অব রেজিস্ট্যান্স: ইমাম খোমেনি ইন্টারন্যাশনাল কনফারেন্স'-এ বক্তব্য দিতে গিয়ে তিনি এ মন্তব্য করেন।

পেজেশকিয়ান বলেন, আন্তর্জাতিক সংস্থা ও মানবাধিকার সংগঠনগুলোর কাছ থেকে আগ্রাসন ঠেকাতে কার্যকর ভূমিকা প্রত্যাশা করা হয়েছিল। কিন্তু হামলাকারীদের বিরুদ্ধে দৃশ্যমান কোনো উদ্যোগ না নিয়ে উল্টো তাদের প্রতি রাজনৈতিক ও অন্যান্য ধরনের সমর্থন দেওয়া হচ্ছে বলে অভিযোগ করেন তিনি।

তিনি দাবি করেন, মধ্যপ্রাচ্যের বিভিন্ন দেশে চলমান সংঘাত ও অস্থিতিশীলতার জন্য ইসরাইল দায়ী। তার ভাষায়, মুসলিম দেশগুলো এ ধরনের সংঘাতের সূচনা করেনি; বরং তারা বারবার আগ্রাসনের শিকার হয়েছে।

ইরানের প্রেসিডেন্ট আরও বলেন, মুসলিম দেশগুলোর মধ্যে পারস্পরিক সহযোগিতা ও সংহতি জোরদার করা এখন সময়ের দাবি। তার সরকার ইসলামি ঐক্য শক্তিশালী করা এবং আঞ্চলিক সহযোগিতা বাড়ানোর লক্ষ্যে কাজ চালিয়ে যাবে বলেও জানান তিনি।

সূত্র: মিডল ইস্ট মনিটর।